গাংনীতে দরবার রক্ষার্থে ভক্ত ও গ্রামবাসীর মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলার ওলিনগর গ্রামের মরহুম বীর মুক্তিযোদ্ধা হাফিজুর রহমান এর প্রথম পক্ষের স্ত্রী সন্তানের দায়িত্বে রেখে যাওয়া পবিত্র দরবার শরীফ রক্ষা করতে ও দরবারের বিরুদ্ধে নানা অপপ্রচারের প্রতিবাদে গ্রামবাসী এবং বিভিন্ন এলাকার সাধু-সম্প্রদায় মানববন্ধন করেছে। গতকাল শনিবার বিকেল ৪টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের ওলিনগর মদন মাস্তানের দরবার শরীফের সামনের সড়কে মানব বন্ধন অনুষ্ঠিত হয়।

দরবার শরীফ কমিটির সভাপতি জাহাঙ্গীর আলম বাদশার সভাপতিত্বে বক্তব্য রাখেন, মরহুম বীর মুক্তিযোদ্ধা হাফিজুর রহমানের বড় ছেলে সিরাজুল ইসলাম, মরহুম বীরমুক্তিযোদ্ধা হাফিজুর রহমানের ভাই ও দরবার শরীফের সম্পাদক বর্তমান খাদেম জালাল উদ্দীন ফকির ও নিয়ামত আলীসহ ভক্তবৃন্দ।

সিরাজুল ইসলাম বলেন, আমার বাবা জীবিত থাকা অবস্থায় ওলিনগর মৌজার, ১৯১ নং খতিয়ানের ৩০৭ দাগের ৭ শতক জমি সবটুকু আলফাজ উদ্দীন (মদন মাস্তান) দরবার শরীফের নামে ১৯৮৯ সালে রেজিঃ করে দেয়। পরবর্তিতে মরহুম হাফিজুর রহমান মানসিক ও শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়লে দ্বিতীয় স্ত্রী নুরুন্নাহার আক্তার ও তার মেয়ে হাবিবা নওসীন সাধনা চিকিৎসার নাম করে বাড়ী থেকে বিভিন্ন সময়ে বাহিরে নিয়ে যায়।